



জনতা ব্যাংক পিএলসি.

উন্নয়নে আপনার বিশ্বস্ত অংশীদার

মানিলভারিং ও সত্ৰাসে অর্থায়ন

প্রতিরোধ ডিপার্টমেন্ট

ফোন: ২২৩৩৮৮৩৮৬, ৫৫১১০০২৪

সূত্র : এমএলএন্ডটিএফপিডি/ব্যবস্থাপনা পরিচালক/লে.অফ.কমিটমেন্ট/২০২৬/৯৪

তারিখ: ০৮ জানুয়ারি ২০২৬

সকল মহাব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক

একান্ত সচিব, ব্যবস্থাপনা পরিচালক এবং সকল উপব্যবস্থাপনা পরিচালক

সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক

জনতা ব্যাংক পিএলসি.

প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/লোকাল অফিস/

জনতা ভবন কর্পোরেট শাখা/ সকল এরিয়া অফিস/সকল শাখা এবং সকল সাবসিডিয়ারি কোম্পানি।

বিষয়: মানিলভারিং, সত্ৰাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক বিধ্বংসী অস্ত্রের বিস্তার রোধে প্রতিশ্রুতিপত্র।

প্রিয় সহকর্মীবৃন্দ,

ইংরেজী নববর্ষ-২০২৬ এর আন্তরিক শুভেচ্ছা আপনাদের সকলের প্রতি।

নববর্ষ যেন হয় আত্মবিশ্বাসের বছর, যেখানে আমরা অতীতের ভুল থেকে শিক্ষা নিয়ে ভবিষ্যত গড়ার সাহস দেখাব। পুরনো বছরের গ্লানি পেছনে ফেলে নতুন বছরে আমাদের প্রত্যাশা একটাই - একটি সমৃদ্ধ ন্যায়াভিত্তিক ও সম্ভাবনাময় বাংলাদেশ। সেই সম্ভাবনাময় বাংলাদেশ বিনির্মাণে রষ্ট্রায়ত্ত্ব ব্যাংক হিসেবে জনতা ব্যাংক পিএলসি. অঙ্গীকারাবদ্ধ।

আপনারা অবগত আছেন বৃহৎ ব্যাংকিং প্রতিষ্ঠান হিসেবে আমাদের এ অঙ্গীকার বাস্তবায়নের পথ কুসুমাস্তীর্ণ নয়। এখানে রয়েছে চ্যালেঞ্জ, আছে ঝুঁকি। তন্মধ্যে সামগ্রিক সময়ে তীব্রভাবে ব্যাংক ব্যবস্থাপনাকে নাড়া দিয়েছে মানিলভারিং ঝুঁকি। ব্যাংক ব্যবস্থায় সুশাসন প্রতিষ্ঠার ক্ষেত্রে এ ঝুঁকি আমাদেরকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে মোকাবেলা করতে হবে।

যেহেতু বিশ্বব্যাপী মানিলভারিং ও সত্ৰাসে অর্থায়ন প্রতিরোধে নানামুখী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে এবং বাংলাদেশ সরকারও মানিলভারিং প্রতিরোধে অঙ্গীকারাবদ্ধ, তাই জনতা ব্যাংক পিএলসির ব্যবস্থাপনা পরিচালক হিসেবে, আমি মানিলভারিং ও সত্ৰাসে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রমকে সর্বোচ্চ গুরুত্ব প্রদান এবং BFIU-কর্তৃক নির্ধারিত AML/CFT নীতিমালা কঠোরভাবে মেনে চলার বিষয়ে আমাদের দৃঢ় অঙ্গীকার পূর্ণবাক্য করছি।

আমাদের এই অঙ্গীকারের মূল ভিত্তিগুলো হলো :

- ক) **কঠোর নীতি অনুসরণ** : ব্যাংকের সকল শাখা, এরিয়া, বিভাগ এবং এমএল ও টিএফপিডি সহ সংশ্লিষ্ট সকল ডিপার্টমেন্ট Customer Due Diligence (CDD)/EDD, Know Your Customer (KYC) এবং Ongoing Monitoring প্রক্রিয়াসহ BFIU-কর্তৃক নির্ধারিত AML/CFT নীতিমালা কঠোরভাবে বাস্তবায়ন করবে। অর্থাৎ মানিলভারিং, সত্ৰাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক বিধ্বংসী অস্ত্রের বিস্তার রোধে আমাদের অবস্থান “শূন্য সহিষ্ণুতা”।
- খ) **প্রশিক্ষণ ও সচেতনতা** : সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীকে নিয়মিত AML/CFT বিষয়ক প্রশিক্ষণ প্রদান এবং এ বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা।
- গ) **সন্দেহজনক লেনদেন প্রতিবেদন (STR) ও নগদ লেনদেন প্রতিবেদন (CTR) দাখিল** : সকল সন্দেহজনক লেনদেন ও নির্দিষ্ট পরিমাণের যেমন ১০ লক্ষ টাকা বা তার বেশী) নগদ লেনদেন যথাযথভাবে BFIU বরাবর রিপোর্ট করা।
- ঘ) **প্রযুক্তি ও নজরদারী (Monitoring)** : অত্যাধুনিক প্রযুক্তি ব্যবহার করে লেনদেনের উপর সার্বক্ষণিক নজরদারী রাখা এবং ঝুঁকি ব্যবস্থাপনার মাধ্যমে অপরাধমূলক কার্যক্রম প্রতিরোধ করা।
- ঙ) **স্বচ্ছতা ও জবাবদিহিতা** : ব্যাংকিং কার্যক্রমে সর্বোচ্চ স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা এবং AML/CFT বিষয়ক নীতিমালা পরিপালনে কোনোপ্রকার শৈথিল্য প্রদর্শন না করা।

আগামী ২০২৬-২০২৭ সালে অনুষ্ঠিত এপিজির ৪র্থ পর্বের Mutual Evaluation-এর প্রস্তুতি হিসাবে BFIU নির্দেশিত AML/CFT বিষয়ক কার্যক্রমের উপর জোর দেবার পাশাপাশি নিম্নবর্ণিত কার্যক্রমের উপর গুরুত্বারোপ করে স্ব স্ব ক্ষেত্রে নিয়োজিত নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীদের প্রতি তা আন্তরিকতা, নিষ্ঠা ও বিশ্বস্ততার সাথে যথাযথভাবে পালন করার জন্য আমি উদাত্ত আহবান জানাচ্ছি:-

পাতা-০১/০৪

প্রধান কার্যালয় : ১১০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

Website: www.jb.com.bd, SWIFT : JANBDDH

ফোন : ৮৮ ০২-২২৩৩৮০০২৯, ০২-২২৩৩৮০০৪২, ০২-২২৩৩৮৫০৪২, ফ্যাক্স : ৮৮-০২-২২৩৩৮৪৬৪৪



জনতা ব্যাংক পিএলসি.

উন্নয়নে আপনার বিশ্বস্ত অংশীদার

মানিভারিং ও সন্ত্রাসে অর্থায়ন

প্রতিরোধ ডিপার্টমেন্ট

ফোন: ২২৩৩৮৮৩৮৬, ৫৫১১০০২৪

১. হিসাব খোলা সংক্রান্ত বিষয়সমূহ (KYC, TP, Risk Grading, Source of Fund, Beneficial Owner, PEPs, IPs, Supporting documents of Accounts with verification, Execution of Customer Acceptance Policy ইত্যাদি) যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। সে লক্ষ্যে প্রত্যেক শাখাকে হিসাব খোলার ফরম, কেওয়াইসি, টিপি যথাযথভাবে পূরণ এবং গ্রাহকের দেওয়া তথ্য সঠিক কি-না তা যাচাইপূর্বক নিশ্চিত হতে হবে। একইভাবে হিসাবের প্রকৃত সুবিধাভোগী ও PEPs/IPs সঠিকভাবে চিহ্নিতকরত: তথ্য পূরণ এবং প্রদত্ত তথ্য যাচাইপূর্বক নিশ্চিত হতে হবে এবং যাচাইয়ের প্রমাণক যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। এছাড়াও উচ্চ ঝুঁকি সম্পন্ন গ্রাহকের হিসাবের তথ্যাদি ১ (এক) বছর পর এবং নিম্ন ঝুঁকি সম্পন্ন গ্রাহকের তথ্যাদি ৫ (পাঁচ) বছর পর পর হালনাগাদ করতে হবে। গ্রাহকের ঠিকানা নিশ্চিত হওয়ার জন্য Thanks Letter প্রেরণ/সম্মতি গমন এবং হিসাবের তথ্যাদি T-24 Software-এ সঠিকভাবে পোস্টিংকরত: তথ্যের হার্ডকপি গার্ডফাইলে সংরক্ষণ করতে হবে।
২. বাংলাদেশ সরকার এবং জাতিসংঘের নিরাপত্তা পরিষদ কর্তৃক নিষিদ্ধ ঘোষিত ব্যক্তি ও সংগঠনসহ Front Company অথবা Shell Bank-এর সাথে ব্যবসায়িক সম্পর্ক স্থাপন না করার বিষয়ে সতর্ক থাকতে হবে।
৩. CAMLCO কর্তৃক সুনির্দিষ্ট দায়িত্ব উল্লেখপূর্বক প্রদত্ত BAMLCO অফিস অর্ডার শাখায় সংরক্ষণসহ অফিস অর্ডারে বর্ণিত দায়িত্ব যথাযথভাবে পালন করতে হবে।
৪. Self Assessment বিবরণী চূড়ান্ত করার পূর্বে শাখা ব্যবস্থাপকের সভাপতিত্বে সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে সভা আয়োজনকরত শাখার প্রকৃত চিত্র উল্লেখপূর্বক সঠিকভাবে বিবরণী চূড়ান্ত করতে হবে এবং নির্দেশনা মোতাবেক সংশ্লিষ্ট ডিপার্টমেন্টসমূহে যথাসময়ে বিবরণী প্রেরণ করতে হবে।
৫. মানিভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়নের ঝুঁকি বিবেচনায় রেমিট্যান্স হিসাবসমূহ তুলনামূলকভাবে ঝুঁকিপূর্ণ হওয়ায় সেগুলোর ক্ষেত্রে হিসাবধারী বা উক্ত হিসাবের সুবিধাভোগীর নিকট হতে তথ্য সংগ্রহপূর্বক তা হালনাগাদ করতে হবে।
৬. শাখাসমূহ কর্তৃক যথাযথভাবে সঠিক সংখ্যক CTR নিয়মিতভাবে AML Solution Software-এ প্রেরণ করতে হবে। গ্রাহকের সন্দেহজনক লেনদেন/কর্মকাণ্ডের জন্য শাখা কর্তৃক STR/SAR দাখিল করতে হবে।
৭. ভাসমান গ্রাহকদের (Walk-in Customer) ক্ষেত্রে নির্দেশনা মোতাবেক তথ্য সংগ্রহ ও যাচাই করতে হবে।
৮. বিএফআইইউ (BFIU) - সহ ইন্টারনাল ও এক্সটারনাল পরিদর্শন/অডিটের আপত্তিসমূহ যথাসম্ভব দ্রুত নিষ্পত্তি করতে হবে।
৯. যথাযথভাবে KYC করার জন্য শাখাসমূহের হিসাব খোলার ডেস্কে অভিজ্ঞ ও দক্ষ কর্মকর্তা নিয়োগ দিতে হবে
১০. শাখায় গ্রাহকদের পেশা ও আয়ের সাথে সংগতি রেখে ঝুঁকির ভিত্তিতে যথাযথভাবে হিসাবসমূহ শ্রেণীবিন্যাস/শ্রেণীকরণ করতে হবে। শ্রেণীকৃত ঋণ পর্যালোচনাপূর্বক প্রয়োজ্য ক্ষেত্রে STR/SAR করতে হবে।
১১. উচ্চ ঝুঁকিসম্পন্ন হিসাবের তালিকা প্রণয়ন করত: তা নিয়মিত হালনাগাদ রাখা ও গ্রাহক সম্পর্কিত অধিকতর সতর্কতামূলক ব্যবস্থা বা EDD নিশ্চিতকল্পে নি: বি:-৯৬৫/২০-এর ৩.৮ অনুচ্ছেদ অনুসরণ করা এবং এ সংক্রান্ত প্রমাণক ফাইলে সংরক্ষণ করতে হবে ও রেজিস্ট্রার মেইনটেইন করতে হবে।
১২. শাখায় PEPs, প্রভাবশালী ব্যক্তি (IPs) ও আন্তর্জাতিক সংস্থার প্রধান বা উচ্চ পর্যায়ের কর্মকর্তার কোন হিসাব আছে কিনা তা যথাযথভাবে সনাক্ত করার জন্য কার্যকর পদক্ষেপ নেয়া এবং এ ব্যাপারে নি: বি:-৯৬৫/২০-এর অনুচ্ছেদ ৩.৮, ৩.৯, ৩.১০ ও ৩.১১ -র নির্দেশনা অনুসরণ করাসহ এ সংক্রান্ত রেজিস্ট্রার মেইনটেইন করতে হবে।
১৩. শাখাওয়ারী লিগ্যাসি হিসাবের তালিকা প্রণয়ন করা, যথাযথভাবে KYC সম্পন্নকরত: লিগ্যাসী হিসাব হালনাগাদ করাসহ তথ্য/উপাত্ত যথাযথভাবে শাখায় সংরক্ষণ করতে হবে।
১৪. শাখা হতে প্রাপ্ত সকল সেক্ষ এ্যাসেসমেন্ট সংক্রান্ত প্রতিবেদন ML&TFPD কর্তৃক যথাযথভাবে পর্যালোচনা করা; পর্যালোচনায় কোনো শাখা ঝুঁকিপূর্ণ হলে তাৎক্ষণিকভাবে শাখাটি পরিদর্শন বা অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগের মাধ্যমে পরিদর্শনের ব্যবস্থা করতে হবে।
১৫. অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ কর্তৃক শাখাসমূহ হতে প্রাপ্ত সকল সেক্ষ এ্যাসেসমেন্ট সংক্রান্ত প্রতিবেদন যথাযথভাবে পর্যালোচনা করত: প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
১৬. অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ কর্তৃক ইন্ডিপেন্ডেন্ট টেস্টিং প্রসিডিউর-এর জন্য নির্ধারিত চেকলিস্টের মন্তব্য/সুপারিশ কলাম যথাযথভাবে পূরণকরত: রেটিং প্রণয়ন করাসহ অপরিপালিত বিষয়ের উপর সুনির্দিষ্ট উদাহরণসহ ব্যাখ্যা প্রদান করা এবং শাখার প্রকৃত চিত্র/অবস্থার প্রতিফলন ঘটিয়ে শাখার রেটিং প্রণয়ন করা ও অযথা অতিরঞ্জিত রেটিং প্রদান না করা।
১৭. হিসাবের প্রকৃত সুবিধাভোগী সনাক্তকরণ, তার সম্পূর্ণ কেওয়াইসি সম্পন্নকরণ এবং উক্ত তথ্যাদি যাচাইকরত: ফাইলে সংরক্ষণ করতে হবে।
১৮. কেওয়াইসি, লেনদেন মনিটরিং ও সিটিআর, এসটিআর রিপোর্টিং ও কেওয়াইসি হালনাগাদ ইত্যাদি গুরুত্বপূর্ণ বিষয়ে এরিয়া ও ডিভিশনাল অফিস কর্তৃক কার্যকর মনিটরিং নিশ্চিত করতে হবে।
১৯. বিভিন্ন দৈনিক পত্রিকায় প্রকাশিত জাল-জালিয়াতি, প্রতারণা বিষয়ক আর্থিক অনিয়ম পর্যালোচনা করতঃ STR/SAR করতে হবে।
২০. জাতিসংঘের নিরাপত্তা পরিষদের রেজুলেশন অনুযায়ী কালো তালিকাভুক্ত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান ও তাদের সাথে স্বাস্থ্যসংশ্লিষ্টদের নামে এবং বাংলাদেশ সরকার কর্তৃক নিষিদ্ধ তালিকাভুক্ত ব্যক্তিবর্গ বা প্রতিষ্ঠানের নামে কোনো হিসাব খোলা বা পরিচালনা করা যাবে না।
২১. শাখাসমূহকে নিয়মিত হিসাবের লেনদেন পর্যালোচনা ও মনিটরিং, সিটিআর মনিটরিং, টিপি এনালাইসিস, স্ট্রাকচারিং রিপোর্ট, উচ্চ ঝুঁকি সম্পন্ন হিসাবের লেনদেন মনিটরিং করে STR সনাক্ত করে রিপোর্ট করতে হবে।

পাতা-০২/০৪

প্রধান কার্যালয় : ১১০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

Website: www.jb.com.bd, SWIFT : JANBDDH

ফোন: +৮৮ ০২-২২৩৩৮০০২৯, ০২-২২৩৩৮০০৪২, ০২-২২৩৩৮৫০৪২, ফ্যাক্স : +৮৮-০২-২২৩৩৮৪৬৪৪



জনতা ব্যাংক পিএলসি.

উন্নয়নে আপনার বিশ্বস্ত অংশীদার

মানিলভারিং ও সন্ত্রাসে অর্থায়ন

প্রতিরোধ ডিপার্টমেন্ট

ফোন: ২২৩৩৮৮৩৮৬, ৫৫১১০০২৪

২২. নতুন হিসাব খোলার ক্ষেত্রে বিদ্যমান সার্কুলার/নীতিমালাসহ Customer Acceptance Policy (গ্রাহক নির্বাচন নীতিমালা) অনুসরণ করতে হবে। এছাড়াও NID যাচাই, Sanction Screening (UN, OFAC, স্থানীয় ইত্যাদি), False Positive Report সংরক্ষণ, ঠিকানা যাচাইকল্পে ধন্যবাদ জ্ঞাপন পত্র প্রেরণ এবং প্রযোজ্য ক্ষেত্রে ঠিকানা যাচাইয়ের জন্য সরেজমিনে পরিদর্শন করতে হবে। এছাড়াও Walk-in Customer এর Sanction Screening, NID যাচাইসহ যথাযথ KYC প্রক্রিয়া নিশ্চিত করতে হবে।
২৩. AML Solution Software-এর মাধ্যমে রিপোর্টযোগ্য সকল CTR প্রেরণ নিশ্চিত করতে হবে। নিয়মিতভাবে CTR পর্যালোচনাসহ Risk Grading অনুযায়ী উচ্চঝুঁকি সম্পন্ন হিসাব, PEPs এবং IPs হিসাবের লেনদেনে অতিরিক্ত সতর্কতাসহ মনিটরিং করতে হবে এবং গ্রাহকের আয়ের উৎসের সাথে ভারসাম্যহীন লেনদেন পরিলক্ষিত হলে তা STR করতে হবে।
২৪. সকল নির্বাহী ও কর্মকর্তার এএমএল/সিএফটি বিষয়ে প্রশিক্ষণ নিশ্চিত করাসহ প্রশিক্ষণে প্রাপ্ত সনদপত্র শাখার এএমএল/সিএফটি বিষয়ক "প্রশিক্ষণ সংক্রান্ত ফাইলে" সংরক্ষণ করতে হবে। প্রশিক্ষণবিহীন নির্বাহী/কর্মকর্তাদের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।
২৫. শাখার এএমএল/সিএফটি সংক্রান্ত রেটিং সন্তোষজনক/শক্তিশালী পর্যায়ে উন্নীত করার জন্য এ ব্যাংকের নির্দেশ বিজ্ঞপ্তি নং: ৯৬৫/২০ তারিখ: ১২/০৭/২০২০ এর "পরিশিষ্ট-ঘ" মোতাবেক শাখা পরিদর্শন চেক লিস্ট অনুসরণপূর্বক কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।
২৬. ফরেন রেমিটেন্সের ক্ষেত্রে রেমিটেন্সের পরিমাণ/সংখ্যা অস্বাভাবিক মনে হলে প্রেরণকারী ও বেনিফিশিয়ারির যাবতীয় তথ্যাদি যাচাই করতে হবে। যাচাইকালে রেমিটেন্স সন্দেহজনক হলে তা STR করতে হবে। বিদেশীয় ও স্থানীয় ইনওয়ার্ড ও আউটওয়ার্ড রেমিটেন্সের ক্ষেত্রে যথাযথ মনিটরিং নিশ্চিত করতে হবে।
২৭. ঋণের টাকা যথাযথভাবে ব্যবহার না করা অথবা শ্রেণীকৃত ঋণসমূহের ক্ষেত্রে শ্রেণীকৃত হওয়ার কারণ উদঘাটনপূর্বক মানিলভারিংয়ের সংশ্লেষ আছে কিনা তা যাচাই করতে হবে। যাচাইকালে মানিলভারিংয়ের কোনো সংশ্লিষ্টতা/সম্ভাবনা আছে প্রতীয়মান হলে তা দ্রুত STR করতে হবে।
২৮. ইমপোর্ট/এক্সপোর্ট এলসিস'র আবেদনকারী/বেনিফিশিয়ারির ক্রেডিট রিপোর্ট নিতে হবে এবং Sanction-Screening করতে হবে।
২৯. গ্রাহকের বিদ্যমান ব্যবসা (প্রকৃতি ও ভলিউম)-এর সাথে অসংগতিপূর্ণ কোন এক্সপোর্ট/বিল পারচেজ বা ইমপোর্ট এলসি ইস্যু না করা।
৩০. কোনভাবেই কোন শেল ব্যাংকের এলসি গ্রহণ/প্রদান এবং শেল কোম্পানীর এলসি খোলা বা এক্সপোর্ট বিল নেগোশিয়েট করা যাবে না।
৩১. Vessel Tracking-এর মাধ্যমে Ship-এর অবস্থান যাচাই করতে হবে।
৩২. Foreign Trade-এর ক্ষেত্রে অত্র ব্যাংক প্রণীত Policy for Prevention of Trade Based Money Laundering-2020 গাইডলাইন অনুযায়ী TTP, RBA সম্পাদন, বর্ণিত ৪৮টি অ্যালার্টসহ 3 Escalation Level অনুসরণ করতে হবে।
৩৩. আভার/ওভার ইনভয়েসিং প্রতিরোধে Price verification কঠোরভাবে Apply করা ও তার প্রমাণক ফাইলে সংরক্ষণ করতে হবে। আভার/ওভার শিপমেন্ট ও ভুয়া ডকুমেন্টেশন চিহ্নিত করার বিষয়ে যথাযথ সতর্কতামূলক ব্যবস্থা নিতে হবে।
৩৪. ওভারডিউ বিল থাকলে উক্ত গ্রাহকের বিল পারচেজের ক্ষেত্রে অধিকতর সতর্কতা অবলম্বন করতে হবে।
৩৫. ট্রেটিংকৃত বিল পারচেজ থেকে বিরত থাকতে হবে এবং বিল কালেকশনের ক্ষেত্রেও যথাযথভাবে স্ক্রুটিনী করত: সঠিকতা প্রাপ্তিতেই কেবলমাত্র কালেকশনে পাঠানো যাবে।
৩৬. কোনো Sanctioned Vessel / Sanctioned Shipping Lines/ Sanctioned Jurisdiction এ মালামাল যাচ্ছে কিনা তা যাচাই করতে হবে।
৩৭. ঋণগ্রহীতার অনুকূলে প্রদত্ত ঋণের অর্থ হয়ে অন্য উদ্দেশ্যে ব্যবহৃত হচ্ছে কি-না সে ব্যাপারে কঠোর সতর্কতা অবলম্বন করতে হবে।
৩৮. কোনভাবেই অ্যাকোমোডেশন/ভুয়া বিল পারচেজ করা যাবে না।
৩৯. ইচ্ছাকৃত ঋণ খেলাপী, ঘন ঘন পুন:তফসীল/পুনর্গঠনের প্রবণতা বিশিষ্ট গ্রাহক, বিশ্বাস ভঙ্গকারী গ্রাহক ও Tax Heaven দেশ/জুরিসডিকশনে এলসি স্থাপনে আগ্রহী গ্রাহকদের পুন:ঋণ প্রদান/এলসি স্থাপন/রেমিটেন্স প্রেরণ/রপ্তানী পণ্য প্রেরণ ইত্যাদি ক্ষেত্রে কঠোর সতর্কতা অবলম্বন করতে হবে।
৪০. Master LC-সহ LC Advising ব্যাংকের অ্যাডভাইস-এর সত্যতা যাচাই করতে হবে।
৪১. Overdue FDBP/PC/IFDBC/ECC ইত্যাদি দায় থাকা অবস্থায় পুনরায় একই ধরনের বা অন্য কোন ঋণ দায় সৃষ্টির ক্ষেত্রে কঠোর সতর্কতা অবলম্বন করতে হবে এবং সন্তোষজনক প্রমাণক/ব্যাখ্যা এবং প্রক্রিয়া অবলম্বন ব্যতীত পুনরায় ব্যাংক দায় সৃষ্টি করা যাবে না।
৪২. যেকোনো ধরনের এলসি (স্থানীয়/বিদেশিক, এটসাইট/ডেফার্ড) স্থাপন থেকে শুরু করে একসেপটেন্স, পেমেন্ট প্রদান ও রিপোর্টিং ইত্যাদি পর্যন্ত, পিএডি/ডিমান্ড লোন/ফোর্সড লোন সৃষ্টি, লিম, এলটিআর, এলডিবিপি, এফডিবিপি সৃষ্টি, ইসিসি, পিসি প্রদানসহ যেকোনো প্রিশিপমেন্ট ও পোস্টশিপমেন্ট ফাইন্যান্সিং-এর ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক ও অত্র ব্যাংকের সংশ্লিষ্ট সকল গাইডলাইন, সার্কুলার, নিয়মাচার (যে ক্ষেত্রে যেটি প্রযোজ্য) তা পরিপূর্ণভাবে মেনে চলতে হবে যাতে মানিলভারিং বা ফিনানসিয়াল ক্রাইমের কোনো সুযোগ না থাকে। সন্দেহ হলে STR/SAR প্রস্তুতপূর্বক সরাসরি মানিলভারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ডিপার্টমেন্টে প্রেরণ করতে হবে।
৪৩. এ ব্যাংক কর্তৃক প্রণীত "Policy for Prevention of Trade Based Money Laundering" এর নির্দেশনাসহ বাংলাদেশ ব্যাংকের Guidelines for Foreign Exchange Transaction-2018, Foreign Exchange Regulations Act-1947, হালনাগাদ আমদানী-রপ্তানী নীতি, হালনাগাদ UCPDC-সহ সকল আন্তর্জাতিক বিধিবিধান, NBR- এর নির্দেশনা ও Customs Act ইত্যাদি কঠোরভাবে মেনে চলতে হবে।

পাতা-০৩/০৪

প্রধান কার্যালয় : ১১০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

Website: www.jb.com.bd, SWIFT : JANBDDH

ফোন : +৮৮ ০২-২২৩৩৮০০২৯, ০২-২২৩৩৮০০৪২, ০২-২২৩৩৮৫০৪২, ফ্যাক্স : +৮৮-০২-২২৩৩৮৪৬৪৪



জনতা ব্যাংক পিএলসি.

উন্নয়নে আপনার বিশ্বস্ত অংশীদার

মানিলভারিং ও সন্ত্রাসে অর্থায়ন

প্রতিরোধ ডিপার্টমেন্ট

ফোন: ২২৩৩৮৮৩৮৬, ৫৫১১০০২৪

৪৪. ক্রেডিট ব্যাঙ্ক মানিলভারিং প্রতিরোধে ঋণ প্রস্তাব যথাযথভাবে বিশ্লেষণ, জামানত ও সহজামানত সম্পত্তির যথাযথ মূল্যায়ন, চেইন অব ডকুমেন্টস-এর সঠিকতা যাচাই, ফান্ড ডাইভারসন রোধে ও ফান্ডের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণে অব্যাহত ফলো-আপ, আইনজীবীর অনুকূল মতামত গ্রহণ, যথাযথভাবে মর্টগেজ সম্পাদন, স্টকের সঠিক মূল্যায়ন ও যে কোন ইনভেস্টমেন্টের পূর্বে অন্যান্য CBML Red Flag Monitoring-সহ অত্র ব্যাংকের হালনাগাদ ঋণমঞ্জুরি ক্ষমতাবিধি এবং এ ব্যাংকের ক্রেডিট সংক্রান্ত সকল গাইডলাইন, সার্কুলার ও নির্দেশনা পরিপালনসহ Due Diligence Apply – করতে হবে।
৪৫. এএমএল রেটিং যে বিষয়গুলোর উপর নির্ভর করে বিশেষত: Transaction Monitoring, KYC সম্পাদন, CTR, CDD Apply, STR/SAR রিপোর্টিং, AML বিষয়ে BAMLCO ও ML & TFPD কর্মকর্তাদের Updated জ্ঞান, পূর্ববর্তী অডিটের কমপ্লায়েন্স সম্পাদন, রেকর্ড সংরক্ষণ, নির্বাহী/কর্মকর্তাদের প্রশিক্ষণ, Self Assessment ইত্যাদি প্রত্যেকটি বিষয়ের উপর অত্যন্ত গুরুত্বারোপ করে স্ব স্ব ক্ষেত্রে নিয়োজিত নির্বাহী/ কর্মকর্তাদেরকে দায়িত্ব পালন করতে হবে।
৪৬. মানিলভারিং, সন্ত্রাসী কার্যে অর্থায়নের ক্ষেত্রে আমরা জাতিসংঘ, FATF, APG, ব্যাসেল কমিটি, এগমন্ট গ্রুপ, উলফস গ্রুপসহ বিভিন্ন দেশ, আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থার সাথে সমন্বিতভাবে কাজ করে যাবো। সর্বশেষ মানিলভারিং প্রতিরোধ আইন-২০১২ (সংশোধনী ২০১৫ ও MLPO-২০১৯ সহ) এবং সন্ত্রাস বিরোধী আইন-২০০৯ (সংশোধনী-২০১৩ সহ)-এ বর্ণিত আইন ও বিধিমালা সম্পর্কে ব্যাংকের প্রত্যেক নির্বাহী/ কর্মকর্তাকে সম্যক ধারণা অর্জন করতে হবে।
৪৭. BFIU-কর্তৃক যাচিত তথ্যাদি নির্ধারিত সময়ের মধ্যে যথাযথভাবে প্রেরণ করতে হবে, ইচ্ছাকৃতভাবে কোনো তথ্য গোপন করা, ভুল বা মিথ্যা তথ্য প্রেরণ বা ইচ্ছাকৃতভাবে কালক্ষেপণ করা যাবে না।
৪৮. AML/CFT বিষয়ক BFIU-কর্তৃক জারীকৃত সর্বশেষ সার্কুলার ও গাইডলাইন, মানিলভারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ সম্পর্কিত অত্র ব্যাংকের জারীকৃত সর্বশেষ গাইডলাইন, পলিসি ও সার্কুলারের আইন ও বিধিমালা সম্পর্কে সকলের স্বচ্ছ ধারণা অর্জন করতে হবে এবং তা বাস্তবায়ন করতে হবে।
৪৯. BFIU-কর্তৃক সেটকৃত প্রতিটি প্যারামিটারের ক্ষেত্রে উন্নয়নের মাধ্যমে এ ব্যাংকের রেটিং মান সন্তোষজনক/শক্তিশালী করার জন্য সকলকে একযোগে কাজ করতে হবে।
৫০. AML/CFT বিষয়ক কমপ্লায়েন্স (যেমন যথাযথভাবে CDD/EDD সম্পাদন, যথাসময়ে STR/SAR রিপোর্ট Submit ইত্যাদি) সম্পাদনে ব্যর্থতায় BFIU সহ কোন রেগুলেটরী বডি কর্তৃক ব্যাংকের উপর আর্থিক জরিমানা বা অন্য কোন শাস্তিমূলক ব্যবস্থা আরোপ করা হলে তার দায়ভার সরাসরি সংশ্লিষ্টদের উপর বর্তাবে এবং "অজ্ঞতা" এ ক্ষেত্রে কোন অজুহাত হতে পারেনা - বিষয়টি সকলকে মনে রাখতে হবে।
৫১. কেন্দ্রীয় পরিপালন কমিটি, মানিলভারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিভাগ, CAMLCO, DCAMLCO, DAMLCO, AAMLCO, BAMLCO-গণ ML & TF Risk Management Guidelines - এ বর্ণিত দায়িত্বানুযায়ী নিজ নিজ কর্তব্যকার্য সম্পাদন করবেন। অর্থাৎ বর্ণিত নির্দেশাবলী কেন্দ্রীয় পরিপালন কমিটি, মানিলভারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিভাগ, আভ্যন্তরীণ নিরীক্ষাবিভাগ, ডিএএমএলসিসি, এএএমএলসিসি ও শাখাসহ সংশ্লিষ্ট সকলের জন্য প্রযোজ্য।

জনতা ব্যাংক পিএলসি একটি দায়িত্বশীল আর্থিক প্রতিষ্ঠান হিসেবে দেশের অর্থনৈতিক নিরাপত্তা এবং দেশে-বিদেশে রাষ্ট্রের সুনাম সুরক্ষায় বদ্ধপরিকর। মানিলভারিং, সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক বিধবংসী অস্ত্রের বিস্তার প্রতিরোধে BFIU সহ সকল নিয়ন্ত্রক সংস্থার নির্দেশনা মেনে চলতে এবং একটি নিরাপদ ব্যাংকিং পরিবেশ নিশ্চিত করতে আমরা প্রতিশ্রুতিবদ্ধ।

আপনাদের বিশ্বস্ত,

মোঃ মজিবর রহমান

ব্যবস্থাপনা পরিচালক

পাতা-০৪/০৪

প্রধান কার্যালয় : ১১০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

Website: www.jb.com.bd, SWIFT : JANBDDDH

ফোনঃ +৮৮ ০২-২২৩৩৮০০২৯, ০২-২২৩৩৮০০৪২, ০২-২২৩৩৮৫০৪২, ফ্যাক্স : +৮৮-০২-২২৩৩৮৪৬৪৪